বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ের স্নাতক সাম্মানিক পরীক্ষার আংশিক শর্ত পূরণের উদ্দেশ্যে উপস্থাপিত গবেষণা পত্র

"পশ্চিমবঙ্গে উচ্চশিক্ষায় পাঠরত ছাত্রীদের সমস্যা"

উপস্থাপক

তনুশ্রী দে

রোল – ১১১৬১৩১/ নং – ২০০১৯১

রেজি. নং- ১৩১০১৮২ (২০২০-২১)

সেমিস্টার – VI/ পত্র – DSE-4T

যুগ্ম তত্ত্বাবধায়ক

ডঃ অর্ঘ্য শুকুল

ও

অধ্যাপিকা সোহিনী কুন্ডু

সমাজতত্ত্ব বিভাগ

নয়াগ্রাম পন্ডিত রঘুনাথ মুর্মু সরকারী মহাবিদ্যালয়

বালিগেড়িয়া ।। ঝাড়গ্রাম ।। পশ্চিমবঙ্গ

২০২৩

শংসাপত্র

এটি প্রত্যায়িত করা হচ্ছে যে, "পশ্চিমবঙ্গে উচ্চশিক্ষায় পাঠরত ছাত্রীদের সমস্যা" এইক্ষেত্র গবেষণা পত্রটি তনুশ্রী দে তার সমাজতত্ত্ব স্নাতক ষষ্ঠ সেমিস্টারের অংশ হিসেবে প্রস্তুত করেছে।আমি এই ক্ষেত্রে গবেষণাটি প্রত্যায়িত করছি।

Dr. Netai Chandra Das
Principal / Office in-charge
N.P.R.M. Govt. College

PRINCIPAL / OFFICER-IN-CHARGE
NAYAGRAM P.R.M. GOVT. COLLEGE
BALIGERIA, NAYAGRAM, JHARGRAM
WEST BENGAL, 721125

Date: - 11.8.2023
Place: - Baligeria

শংসাপত্র

এটি প্রত্যায়িত করা হচ্ছে যে, "পশ্চিমবঙ্গে উচ্চশিক্ষায় পাঠরত ছাত্রীদের সমস্যা" এইক্ষেত্র গবেষণা পত্রটি তনুশ্রী দে তার সমাজতত্ত্ব স্নাতক ষষ্ঠ সেমিস্টারের অংশ হিসেবে প্রস্তুত করেছে।আমরা এই ক্ষেত্রে গবেষণাটি যুগ্ম তত্ত্বাবধায়ক হিসেবে এটিকে প্রত্যায়িত করছি।

Arghya Sukul

Dr. Arghya Sukul
HOD
Department of Sociology
N.P.R.M. Govt. College

Date: - 11/08/2023
Place: - Baligeria

S. Kundu

Prof. Sohini Kundu
Assistant Prof.
Department of Sociology
N.P.R.M. Govt. College

কৃতজ্ঞতা স্বীকার

নয়াগ্রাম পন্ডিত রাঘুনাথ মুর্মু গর্ভমেন্ট মহাবিদ্যালয়ের ষষ্ঠ সেমিষ্টারের এ পাঠক্রম “সমাজতত্ত্ব” বিভাগে স্নাতক ডিগ্রিলাভের উদ্দেশ্যে এই গবেষণা পত্রটি উপস্থাপিত করেছি, “উচ্চশিক্ষায় পাঠরত পশ্চিমবঙ্গের ছাত্রীদের সমস্যা” প্রকল্পটি রুপায়ন সম্পকে আমার প্রাথমিক ধারনা কম থাকলেও আমার “সমাজতত্ত্ব” বিভাগের প্রধান অধ্যাপক শ্রদ্ধেয় শ্রীযুক্ত ডঃ অর্ঘ্য শুকুল মহাশয় এবং শ্রদ্ধেয়া সোহিনী কুন্ডু মহাশয়ার নির্দেশিকা এবং পরামর্শক্রমে আমার প্রকল্পের কাজটি রচনা করার ক্ষেত্রে আমি বিশেষভাবে অনুপ্রেরনা পেয়েছি।

এই গবেষনা মূলক প্রকল্পটি রচনার ক্ষেত্রে আমি প্রতি মুহুর্তে যাদের কাছ থেকে আন্তরিক উৎসাহ সহযোগিতা ও নির্দেশনা লাভ করেছি তাদেরকে জানাই আমার শ্রদ্ধা ও কৃতজ্ঞতা।সর্ব প্রথম কৃতজ্ঞতা জানাই আমার যুগ্ম তত্ত্বাবধায়ক শিক্ষক শ্রদ্ধেয় ডঃ অর্ঘ্য শুকুল মহাশয় ও “সমাজতত্ত্ব” বিভাগের অধ্যাপিকা শ্রীমতি সোহিনী কুন্ডু মহাশয়াকে এবং কৃতজ্ঞতা জানাই কলেজে প্রিন্সিপাল/ অফিসার ইন-চার্জ ডঃ নিতাই চন্দ্র দাস মহাশয়কে, কারণ তাঁদের সাহায্য ও তত্ত্বাবধান ছাড়া এই গবেষণা পত্রটি সমাপ্ত করা সম্ভব হতো না।

এছাড়া সাহায্য করেছেন আমার পরিবারে মা ও বাবা এবং আমার কলেজের বন্ধুরা।তারা আমাকে বিভিন্ন তথ্য সরবরাহ করতে সাহায্য করেছেন যার ফলে প্রকল্পটিকে আরো সুন্দরভাবে পরিবেশন করতে পেরেছি।

Tanushree Dey

ইতি-

তনুশ্রী দে

তারিখঃ- ১৭/০৮/২০২৩

স্থানঃ - বালিগেড়িয়া

বি.এ.সাম্মানিক ষষ্ঠ সেমিষ্টার সমাজ তত্ত্ব বিভাগ,
নয়াগ্রাম পন্ডিত রঘুনাথ মুর্মু গর্ভমেন্ট মহাবিদ্যালয়
রেজি. নং – 1310182 of 2020-2021

সূচীপত্র

বিষয়	পৃষ্ঠা নং
১) ভূমিকা	৮-১২
২) পূর্ব প্রকাশিত বিষয় সমূহের আলোচনা	১৩- ১৫
৩) গবেষনার উদ্দেশ্য	১৬- ১৮
৪) গবেষনার পদ্ধতি ও পদ্ধতিবিদ্যা	১৯- ২৩
৫) তথ্য বিশ্লেষণ	২৩- ৩৪
৬) উপসংহার	৩৫-৩৬
৭) সাক্ষাৎকার তপশীল	৩৭- ৪১
৮) গ্রন্থপঞ্জী	৪২-৪৩

পশ্চিমবঙ্গে উচ্চশিক্ষায় পাঠরত ছাত্রীদের সমস্যা

অধ্যায় – ১

ভূমিকা

ভূমিকা

"বিদ্যাং সর্বত পূজ্জতেঃ" – এই সংস্কৃত কথার অর্থ হল বিদ্যা বা শিক্ষা ক্ষেত্রে সমস্ত জায়গাতে পূজা বা কদর করা হয়। আর এই শিক্ষা ব্যবস্থা থেকেই নারীরা পুরুষদের তুলনায় পিছিয়ে রয়েছে। পৃথিবীর অন্যতম বৃহৎ ও বৈচিত্রপূর্ণ গণতান্ত্রিক দেশ হল ভারতবর্ষ, যার জনসংখ্যা সারা বিশ্বের মধ্যে প্রথম বর্তমান। স্বাক্ষরতার ক্ষেত্রে নারী ও পুরুষের মধ্যে যে কেবল স্বাক্ষরতার ক্ষেত্রেই বৈষম্য রয়েছে তাই নয়,বৈষম্য রয়েছে পেশার ক্ষেত্রে, সম্পত্তি বিভাজনের ক্ষেত্রে, মর্যাদা এবং আরও অনেক ক্ষেত্রে প্রভৃতি। এই বৈষম্য ভারতে প্রকট হলেও পৃথিবীর সর্বত্রই কম বেশি বৈষম্য পরিলক্ষিত হয়। এছাড়া মর্যাদা গত দিক থেকে সব সময়ই নারীদের সমাজে দ্বিতীয় শ্রেণীর বলা হয়েছে এর পাশাপাশি নারীদের ও পরনির্যাতনের প্রকৃতি খুব ভয়ঙ্কর, যেমন- ধর্ষন, বধূ নির্যাতন, বধূ হত্যা প্রভৃতি।এই নারী নির্যাতন ও বঞ্চনার এবং নারী ও পুরুষের মধ্যে তা দূর করা যেতে পারে নারীদের মধ্যে সচেতনতা বৃদ্ধির মাধ্যমে এবং যা সম্ভব হতে পারে একমাত্র নারীশিক্ষা বিস্তারের মাধ্যমে।

ইতিহাসের দিকে তাকালে আমরা দেখতে পাই যে, কোনও যুগে যেকোন ও সমাজেই শিক্ষা একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে, শিক্ষার মাধ্যমেই এক প্রজন্মের উত্তরাধিকার পৌঁছে যায় পরবর্তী প্রজন্মের কাছে, এই প্রক্রিয়াতেই চলতে থাকে সামাজিকীকরণের কাজ, তাই বলা হয় সামাজিকীকরণের মাধ্যম হিসাবে শিক্ষা ব্যবস্থা অন্যতম এবং কার্যকারীতার দিক থেকে গুরুত্বপূর্ণ। শিক্ষা শব্দটিকে আমরা ব্যাপক ও সংকীর্ণ উভয় অর্থেই ব্যবহার করে থাকি। ব্যাপক অর্থে শিক্ষা বলতে জীবনের সামগ্রিক অভিজ্ঞতাকে বোঝায়।

প্রাচীন ভারতে নারীশিক্ষা আলোচনা করলে আমরা দেখতে পাই যে বেদ-উপনিষদের সময়কালে নারীর সহজ অবস্থান ও বৈদিক শিক্ষার পারদর্শিতা সম্পর্কে আজ আর কোণ দ্বিমত নেই; এই সময় বিভিন্ন শিক্ষিত নারীর নাম পাওয়া যায়। যেমন- ঘোষা, অপালা, লোপামুদ্রা, আধা, বিশ্ববারাপ্রমুখ।

প্রাচীন ভারতে নারী শিক্ষার প্রমান রামায়ন ও মহাভারতে ও আছে।কৌশল্যা এমনকি বলিপত্নী তারা পর্যন্ত মন্ত্র উচ্চারণ করে পুত্র ও স্বামীর কল্যানের জন্য যজ্ঞ-অনুষ্ঠান করেছেন।সীতা সন্ধ্যাকালে বৈদিক মন্ত্র উচ্চারণ করে সান্ধ্য বন্দনা করতেন।মহাভারতে কুন্তি অর্থ বেদে পারদর্শী ছিলেন।

যদি ও প্রাচীনকালে নারী শিক্ষাবহুল ভাবে প্রচলিত ছিল কিন্তু তা ছিল বিরাট নারী সমাজের মুষ্টিমেয় কয়েকজন নারীদের মধ্যে। অর্থাৎ নারীদের মধ্যে তেমন ভাবে শিক্ষার বিস্তার ঘটেনি।

নারী আন্দোলনের ইতিহাস পর্যালোচনা করলে দেখা যায় যে উনবিংশ শতাব্দী থেকেই পৃথিবীজুড়ে স্ত্রী শিক্ষার বিস্তারের পথে যতরকম বাধা বিঘ্ন ছিল সব অপসারণ করার উদ্যোগ গ্রহণ করা হয়েছিল। অষ্টাদশ ও উনবিংশ শত কেনারী অধিকার রক্ষাকে কেন্দ্র করে ভারতে নারীবাদী আন্দোলনের সূচনা হয়েছিল। মুলত, ব্রিটিশ রাজ ও পশ্চিমী সংস্কৃতি ও কার্জনের সূত্রপাতের সঙ্গেই এই ধারণের আন্দোলনের উদ্ভব হয়েছিল। তবে সেই সময়কার ভারতীয় মহিলাদের অবস্থান ও বহির্জগতে অংশগ্রহণ সম্পর্কে তথ্য কম থাকায় সেই সময়ে নারী আন্দোলনের মূল্যায়ন করা সহজ নয়। তা স্বত্বেও কিছু পুরুষদের লেখনি থেকে এবং কিছু উচ্ছসিত মহিলাদের কাহিনী থেকে সেই সময়ের মহিলাদের দুর্বিসহ জীবন সম্পর্কে জানা যায় সেই সময় ভারতীয় মহিলারা উৎপীড়িত ও নিপীড়িত ও ধর্মীয় সংস্কারে বলী হতেন।

অষ্টাদশ শতকে কিছু পুরুষ সমাজ সংস্কারের নেতৃত্বে সংস্কার আন্দোলনের সূত্রপাত ঘটে।তাঁদের নেতৃত্বেই মহিলাদের অসহায় অবস্থার উন্নতি শুরু হয়েছিল, ভারতে নারী

আন্দোলনের ধারাকে উপলব্ধি করার জন্য ভারতীয় রেনেসাঁস ও নারী আন্দোলনের এক সমাপতন লক্ষ করা যায়।ভারতীয় সমাজ ছিল মূলত কৃষিভিত্তিক যেখানে পুরুষের ব্যক্তিগত সম্পত্তি হিসাবে নারীকে গণ্য করা হতো, সতীদাহ, শিশুবিবাহ, বহুবিবাহের মতো ধর্মীয় বিশ্বাস ও আচার অনুষ্ঠান ছিল কুলিন প্রথা ও দেবদাসী প্রথা ও এইসময় ছিল।

এই নবজাগরণের সময় তৈরী হয়েছিল মধ্যবিত্ত বুদ্ধিজীবিরা। এদের মধ্যে রাজা রামমোহন রায়, ডিরোজিও ও তার ইয়ংবেঙ্গল দল, বিদ্যাসাগর, মাইকেল মধুসূদন দত্ত, অক্ষয় কুমার দত্ত, দেবেন্দ্রনাথ ঠাকুর, কেশব চন্দ্র সেন সর্বাধিক উল্লেখযোগ্য। বাংলার বাইরে যারা উল্লেখযোগ্য ছিলেন তারা হলেন দয়ানন্দ সরস্বতী, মহাদেব গোবিন্দ রানাডে, গোপাল কৃষ্ণ গোখলে, কেশব কার্ভে প্রমুখ।

এই আন্দোলনের কেন্দ্র ছিল কলকাতা, যদিও বাংলার বাইরে তা ছড়িয়ে পড়ে। এই আন্দোলনের পথিকৃৎ হলেন রাজা রামমোহন রায় যার প্রধানতম কৃতিত্ব হলো ১৮২৯ সালে আইনানুগভাবে সতীদাহ প্রথা রদ। রামমোহন ও তার অনুগামীরা বহু বিবাহের বিরুদ্ধে ও নারীর সম্পত্তির অধিকারের পক্ষে আন্দোলন শুরু করেন। ডিরোজিওর নেতৃত্বে ইয়ংবেঙ্গল গোষ্ঠী নারীশিক্ষা ও নারীর সামাজিক অধিকারের বিষয়টির তুলে ধরে দেবেন্দ্রনাথ ঠাকুরের নেতৃত্বে তত্ত্ব বোধিনী সভানারী শিক্ষার বিষয়টির ও পরমনোনিবেশ করে।

খ্রীষ্টান মিশনারীগণ ভারতে বিভিন্ন কাজের পিছনে ধর্মীয় কারণ খুঁজে পাওয়া গেলে ও নারীশিক্ষার প্রসারের ক্ষেত্রে তাদের গুরুত্বপূর্ণ ভূমিকা ছিল।এদের মধ্যে ও কয়েকজন বিরাট মাপের ব্যাক্তিত্ব ছিলেন যারা প্রকৃত ভাবেই নারীশিক্ষা প্রসারে অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা নিয়েছিলেন।পরবর্তী কালে নারীশিক্ষা প্রসারে সমাজের উচ্চশ্রেনীর কিছু মহিলা এগিয়ে এসেছিলেন।এদের মধ্যে প্রখ্যাত কবি তরু দত্ত, অরু দত্ত, পন্ডিতা রামা বাঈ উল্লেখযোগ্য। এই সময়ে সাহিত্য ও সংস্কৃতিতে নারী উন্নয়ন লক্ষ্য করা গেলে ও তা সিমাবদ্ধ ছিল উচ্চ ও মধ্যবিত্তের মধ্যেই।

এই সময়ের একজন মহান মানুষ হলেন ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর। তাঁর অদম্য উৎসাহ ও কর্মকান্ডের ফলে ব্রিটিশ বিধবা বিবাহ আইন প্রণয়ন করেন যা গোঁড়া হিন্দু সমাজে সংঘাতিক একটি কু-সংস্কারে পরিণত হয়েছিল। বিদ্যাসাগর বাল্যবিবাহ ও বহুবিবাহ রদ করার ও চেষ্টা করেন। তাঁর অন্যতম গুরুত্বপূর্ণ কাজ হলো নারীশিক্ষা প্রসারে মেয়েদের জন্য বিদ্যালয় নির্মান করা।

নারীশিক্ষা প্রচার ও প্রসারের ক্ষেত্রে ব্রাহ্ম সমাজ ছাড়া ও আর্যসমাজ ও প্রার্থনা সমাজের ভূমিকা উল্লেখযোগ্য। তবে এই সব সংগঠনগুলি একই সাথে সংস্কারপন্থী ও প্রাচীন মূল্যবোধের পুণরাবির্ভাবে বিশ্বাসী। ১৯১৪ সালের বঙ্গভঙ্গে ও বিভিন্ন নারীরা গুরুত্বপূর্ণ ভূমিকা নিয়েছিল। এই সমস্ত নারীদের মধ্যে উল্লেখযোগ্য হলেন দেবী চৌধুরানী, স্বর্ণকুমারী দেবী, সুনীতি দেবী প্রমুখেরা যারা দেশপ্রেম প্রচারে উল্লেখযোগ্য ভূমিকা নেন।

অধ্যায় -২

পূর্ব প্রকাশিত বিষয় সমূহের আলোচনা

প্রাসঙ্গিক পূর্ব মুদ্রিত বিষয় সমূহের পর্যালোচনা

প্রাসঙ্গিক বই- পত্র, পত্রিকা, রচনা, প্রবন্ধ পাঠকের মনোনিত বিষয় সম্পর্কে বিস্তারিত জ্ঞান লাভ করে মনোনিত বিষয় সম্পর্কে স্পষ্ট ধারণা তৈরি করে।পূর্বের গবেষনার লক্ষ কি ছিল, কি ফলে উপনীত হয়েছে ইত্যাদি সম্পর্কে ধারণা তৈরি করাকে বলা হয় সাহিত্য পর্যালোচনা।

এ প্রসঙ্গে বিভিন্ন গবেষনা পত্রগুলি ও প্রাসঙ্গিক সাহিত্য অধ্যয়ন করে গবেষক তার গবেষনার প্রাথমিক খসড়া তৈরি করেন ও মনোনীত বিষয়ের বিভিন্ন দিক সম্পর্কে ধারণা গড়ে তোলেন।

❖ উপরিক্ত বিষয় সম্পর্কে কয়েকটি প্রাসঙ্গিক গবেষণাপত্র নীচে উল্লেখ করা হলঃ –

গবেষনামূলক প্রতিবেদনে উচ্চশিক্ষা এবং ছাত্রীদের শিক্ষায় সমস্যা ও ওতপ্রোতভাবে সম্পর্ক যুক্ত বলে উল্লেখ করা হয়েছে, আবার কয়েকটি প্রতিবেদনে "উচ্চশিক্ষাকে" পরিবারের অর্থ- সামাজিক স্তরের প্রকৃতি হিসাবে উল্লেখ করা হয়েছে।

ইতিহাসের দিকে তাকালে আমরা দেখতে পাই যেকোন ও যুগে যে কোনও সমাজেই শিক্ষা একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে। শিক্ষার মাধ্যমেই এক প্রজন্মের উত্তরাধিকার পৌঁছে যাই পরবর্তী প্রজন্মের কাছে। এই প্রক্রিয়াতেই চলতে থাকে সামাজিকী করনের কাজ। তাই বলা হয় সামাজিকী করনের মাধ্যম হিসেবে শিক্ষা ব্যবস্থা অন্যতম এবং কার্যকারিতা দিক থেকে গুরুত্বপূর্ণ।

বিবাহিত মহিলাদের উচ্চশিক্ষা ও ক্ষমতায়নের সূচক মহিলাদের শিক্ষা, উচ্চশিক্ষা সার্বিক ও দীর্ঘ উন্নয়ন নিশ্চিত করে এতে কারিগরি ও বৃত্তি মূলক শিক্ষা এবং প্রশিক্ষন উচ্চশিক্ষা এবং গবেষণায় মানের নিশ্চিয়তার প্রতি যথাযথ মনোযোগ সহন্যায়-সঙ্গত এবং বর্ধিত অ্যাক্সেস রয়েছে, এই যোগাযোগ বিবাহিত মহিলা উচ্চশিক্ষা প্রতিষ্ঠান জনসংখ্যার তুলনায় মহিলা অর্থাৎ নারী তালিকা ভুক্তির মাধ্যমে মহিলাদের অংশ গ্রহনের উপর নজর

অধ্যায় -২

গবেষণার উদ্দেশ্য

গবেষণার উদ্দেশ্য

বর্তমান সমাজ ক্রমশ প্রগতিশীল, এই সমাজের প্রগতির জন্য শিক্ষা হল খুবই গুরুত্বপূর্ন। কিন্তু আমরা লক্ষ্য করি যে শিক্ষা ক্ষেত্রে মহিলাদের বিভিন্ন ধরনের বাধার সম্মুখীন হতে হয়। প্রসঙ্গত, আমরা পশ্চিমবঙ্গের জঙ্গলমহলের কথা বলতে পারি। জঙ্গলমহলের অনেক অঞ্চল আছে যেখানে ছাত্রীরা উচ্চশিক্ষায় আঙ্গিনায় পৌঁছাতে পারেনি। আমি এই গবেষণার মধ্য দিয়ে দেখাতে চেয়েছি যে নয়াগ্রামের সমীক্ষার মাধ্যমে পশ্চিমবঙ্গের জঙ্গলমহলের উচ্চশিক্ষায় পাঠরত ছাত্রীদেরকে যেসব সমস্যার সম্মুখীন হতে হয় সেগুলিকে গবেষণা যে কোন বিষয়কে কেন্দ্র করে গড়ে উঠুক না কেন তা মূলত এক বা একাধিক উদ্দেশ্য কেন্দ্রিক হয়ে থাকে, তেমনি উচ্চশিক্ষায় পাঠরত পশ্চিমবঙ্গের ছাত্রীদের সমস্যা সমূহ গবেষণার পেছনে অনেকগুলি উদ্দেশ্য রয়েছে। উদ্দেশ্যগুলি হল-

- **উচ্চশিক্ষায় ক্ষেত্রে ছাত্রীদের লক্ষ্য কী?**
- **নয়াগ্রাম এলাকায় মহিলাদের উচ্চশিক্ষায় ক্ষেত্রে প্রধান উদ্দেশ্য কী কী?**
- **মহিলাদের চিরাচরিত সংস্কৃতি কি তাদের উচ্চশিক্ষায় ক্ষেত্রে অন্তরায়?**
- **মহিলাদের আর্থসামাজিক অবস্থা কীভাবে তাদের উচ্চশিক্ষায় ক্ষেত্রে বাধা হয়ে দাঁড়ায়?**
- **মহিলাদের উচ্চশিক্ষা বিস্তারের ক্ষেত্রে কিভাবে নেতিবাচক মনোভাবকে এড়িয়ে সচেতন পদক্ষেপ নেওয়া যায়?**
- **মহিলাদের উচ্চশিক্ষায় ক্ষেত্রে সমস্যাসমূহ সমাধান কল্পে জেলা, রাজ্য ও কেন্দ্র স্তরে কি কি পদক্ষেপ গ্রহণ করা হয়েছে?**

অধ্যায়ঃ -৪

গবেষণা পদ্ধতি ও পদ্ধতিবিদ্যা

গবেষণার পদ্ধতি ও পদ্ধতিবিদ্যা

গবেষণা প্রক্রিয়ায় যে দর্শন ব্যবহার করা হয় তাকে পদ্ধতিবিদ্যা বলে। যে মূল্যবান ভাবাদর্শ থেকে কোন গবেষক তাঁর কাজের যৌক্তিকতা খোঁজেন বা যে বিশ্বাসের সাহায্যে তিনি তথ্য সংগ্রহ করেন, তাকে পদ্ধতিবিদ্যা বলে। গবেষণা পদ্ধতিবিদ্যা গবেষণা সংক্রান্ত বহুবিধ প্রশ্নের উত্তর দিতে সক্ষম হল। কার্ল পিয়ারসন -এর মতানুসারে- " **Facts alone don't make science, it is the method by which the facts study.**"

গবেষণা পদ্ধতিকে তিনটি ভাগে ভাগ করা হয়, সেগুলি –

1. গুনগত গবেষণা পদ্ধতি।
2. পরিমাণগত গবেষণা পদ্ধতি।
3. মিশ্র গবেষণা পদ্ধতি।

1. **গুনগত গবেষণা পদ্ধতিঃ** – যে গবেষনায় প্রয়োজনীয় উপায় সরাসরি পর্যবেক্ষন, সাক্ষাৎকার, প্রশ্নমালা আলোচনা ইত্যাদি পদ্ধতির মাধ্যমে সংগ্রহ করে তা ব্যাখ্যা বিশ্লেষণ করা হয়। যার সবই অপরিমাপযোগ্য তাকে গুনগত গবেষণা বলে। গুনগত গবেষণা করা হয় মূলত কোন কিছু সম্পর্কে নতুনভাবে জানতে, তুলনা করতে, গুনগত গবেষণা ফলাফল গানিতিক উপায়ে বা পরিসংখ্যান ভাবে প্রকাশ করা যায়।
2. **পরিমানগত গবেষণা পদ্ধতিঃ** – যে গবেষণায় ব্যবহৃত উপায় সবসময় সংখ্যাসূচক হয় এবং যা গানিতিক ও পরিসংখ্যানগত পদ্ধতি ব্যবহার করে ব্যাখ্যা বিশ্লেষণ করা হয় তাকে পরিমানগত পরিসংখ্যাগত, যৌক্তিক এবং গানিতিক কৌশল ব্যবহার করে সংখ্যা সূচক তথ্য তৈরি করতে ব্যবহৃত হয়। এটি বিশেষ করে বৈজ্ঞানিক গবেষনায় বা সমস্যা সমাধান করতে ব্যবহৃত হয় এই গবেষণা পদ্ধতি।
3. **মিশ্র গবেষণা পদ্ধতিঃ** – এই পদ্ধতি উপরের উভয় পন্থাকে (গুনগত ও পরিমাণগত) একত্রিত করে তথ্য বিশ্লেষন করা হয়। পরিমানগত পদ্ধতি

আমাদের কিছু নির্দিষ্ট তথ্য এবং পরিসংখ্যান প্রদান করবে, যেখানে গুনগত পদ্ধতি আমাদের গবেষণাকে একটি আকর্ষনীয় মানবিক দিক প্রদান করবে।

নমুনা কাঠামো এবং নমুনা আকার

প্রস্তাবিত অধ্যায়নের নমুনাটি পশ্চিমবঙ্গের ঝাড়গ্রাম জেলার নয়াগ্রাম পন্ডিত রঘুনাথ মুর্মু গভঃ মহাবিদ্যালয় প্রতিষ্ঠান থেকে ১৮ থেকে ২৫ বছর বয়সী ছাত্রীদের থেকে উদ্দেশ্যমূলকভাবে নেওয়ার পরিকল্পনা করা হয়েছে।

এখানে ১৮-২৫ বছর বয়সী ছাত্রীদেরকেই সাক্ষাৎকারের জন্য বিবেচনা করা হয়েছিল। যাইহোক উদ্দেশ্যমূলক নমুনা পদ্ধতির মাধ্যমে নমুনা টানা হয়েছিল।

নমুনায়ন পদ্ধতি

নমুনায়ন হল বৃহত্তর জনগোষ্ঠীর প্রতিনিধিত্বমূলক একটি মাত্র অংশ, নমুনা পর্যবেক্ষন করে তার থেকে প্রাপ্ত ফলাফল সংশ্লিষ্ট বৃহত্তর জনগোষ্ঠীর ক্ষেত্রে প্রযোজ্য সাধারণীকরনে পৌঁছানোর লক্ষ্যই হল নমুনায়ন। নমুনা হল বৃহত্তর জনগোষ্ঠীর প্রতিনিধিত্বমূলক একটি ছোট অংশ। নমুনা পর্যবেক্ষন করে তার থেকে প্রাপ্ত ফলাফলকে সংশ্লিষ্ট বৃহত্তর জনগোষ্ঠী-এর ক্ষেত্রে প্রযোজ্য সাধারনীকরনে পৌঁছানোর লক্ষ্য হল নমুনায়ন।

বর্তমানে গবেষণাটিতে উদ্দেশ্যমূলক নমুনায়ন প্রক্রিয়ার কৌশল অনুসরন করা হয়েছে। এক্ষেত্রে প্রতিটি উত্তরদাতা হল ১৮-২৫ বছর বয়সের ছাত্রী।

বিশ্লেষণের এককঃ —সামাজিক গবেষণার বিষয়বস্তু নির্বাচন অনেক সময় বিশ্লেষনের এককের উপর নির্ভর করে। এক্ষেত্রে গবেষণার কাজে একক হিসাবে ব্যক্তিকেই নির্দেশ করা হয়েছে। ১৮-২৫ বছর বয়সের ছাত্র ছাত্রীরা এখানে বিশ্লেষনের একক।

নমুনার আকারঃ - এই কাজে নমুনার আকার হল ৫০ জন।

সময়ঃ - পুরো তথ্য সংগ্রহ করতে সময় লেগেছে প্রায় এক মাস। প্রত্যেক উত্তরদাতার সময় লেগেছে প্রায় আধা ঘন্টা (পরিস্থিতি অনুযায়ী এর বেশি সময় ও লেগেছে)

সাক্ষাৎকারের প্রশ্ন তালিকা

যেহেতু এই গবেষনার পদ্ধতি হিসাবে মুখোমুখি সাক্ষাৎকার গ্রহণ করা হয়েছে তাই প্রশ্নপত্র হিসাবে সাক্ষাৎকার প্রশ্নতালিকা এক্ষেত্রে প্রয়োগ করা হয়েছে। যার মাধ্যমে গবেষকের পক্ষে উত্তরদাতাকে উপযুক্ত প্রশ্ন জিজ্ঞাসা করে গবেষণার প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করা সম্ভব হয়েছে।

এই গবেষণা বিষয়টি সম্পর্কে তথ্য সংগ্রহ করার জন্য উদ্দেশ্য ভিত্তিক নমুনাচয়ন ব্যবহার করা হয়েছে। যে পদ্ধতিতে গবেষক নিজের ইচ্ছামতো এবং অভিজ্ঞতালব্ধ জ্ঞান, প্রয়োগের মাধ্যমে নমুনা সমগ্রকের প্রতিনিধিত্বশীল নমুনা নির্বাচন করে থাকেন তাকে উদ্দেশ্যমূলক নমুনায়ন বলে অভিহিত করা হয়।

প্রশ্নমালা প্রস্তুতি করণঃ –

প্রশ্নমালা হল ক্ষেত্র সমীক্ষার পূর্ব প্রস্তুতি স্বরুপ তত্ত্বাবধায়কের একান্ত সহযোগীতায় আমরা কোন সাক্ষাৎকারের মধ্য দিয়ে তথ্য সংগ্রহে আগ্রহী হয়েছি এই বিষয়টি বোঝার জন্য ব্যবহার্য্য তথ্যের প্রয়োজন।

প্রশ্নমালাকে দুই ভাগে ভাগ করা হয়েছে। যথা-

চিত্রঃ – ছাত্রীদের সহিত সাক্ষাৎকার

মুক্ত প্রশ্নমালাঃ – এই প্রশ্নমালার মাধ্যমে উত্তর দাতার কাছ থেকে বিষয় সম্পর্কিত বিস্তারিত তথ্য সংগ্রহ করা হয়, এখানে উত্তরদাতা মনের ভাব সম্পূর্ণরুপে প্রকাশ পায়।

বদ্ধ প্রশ্নমালাঃ – এই প্রশ্নমালা থেকে তথ্য সংগ্রহের ক্ষেত্রে উত্তর দাতাকে কতকগুলি নির্দিষ্ট উত্তরের মধ্য দিয়ে নিজ উত্তরকে বেছে নিতে হয়, এক্ষেত্রে উত্তর দাতার মতামত প্রকাশের স্থান থাকে না, উত্তর হ্যাঁ বা না দিতে হয়।

তথ্য বিশ্লেষণ

দ্বিতীয় পর্যায় হল এক ধরনের ডেটা যা ইতিমধ্যেই সংবাদপত্র, ম্যাগাজিন, জার্নাল, অনলাইন পোর্টাল ইত্যাদিতে প্রকাশিত হয়েছে, ব্যবসায়িক অধ্যয়নে আপনার গবেষণার ক্ষেত্র সম্পর্কে প্রচুর পরিমানে ডেটা উপলব্ধ রয়েছে প্রায় প্রকৃতি নির্বিশেষে গবেষনা এলাকা। অতএব, গবেষণায় ব্যবহার করার জন্য গৌণ ডেটা নির্বাচন করার জন্য উপযুক্ত মানদন্ডের সেট প্রয়োগ গবেষণার বৈধতা এবং নির্ভর যোগ্যতার মাত্রা বাড়ানোর ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

এই মানদন্ডগুলির মধ্যে রয়েছে, তবে প্রকাশের তারিখ, লেখকের প্রমানপত্র, উৎসের নির্ভরযোগ্যতা, আলোচনার গুণমান, বিশ্লেষণের গভীরতা, গবেষণার সেকেন্ডারী ডেটা সংগ্রহ, সাহিত্য পর্যালোচনা অধ্যায়ে আরও গভীরভাবে আলোচনা করা হয়েছে।

দ্বিতীয় পর্যায় সংগ্রহের পদ্ধতিগুলি সময়, প্রচেষ্টা এবং খরচ বাঁচানোর মতো বিভিন্ন সুবিধা প্রদান করে। তবে, তাদের একটি বড় অসুবিধা রয়েছে। বিশেষ করে, গৌণ গবেষণা নতুন ডেটা তৈরি করে সাহিত্যের সম্প্রসারণে অবদান রাখে না।

সামাজিক গবেষনা তথ্য সংগ্রহের পর বিশ্লেষন করে তথ্যাদির অর্থ নির্ণয় করা হয়ে থাকে, উক্ত বিষয়ে গবেষণায় প্রাপ্ত বিশ্লেষণ নিম্নে আলোচনা করা হল-

তালিকা ১.১

উত্তরদাতার বয়স

বয়স	পরিসংখ্যা	শতাংশ
১৮-২১ বছর	১৮	৩৬
২২-২৫ বছর	৩২	৬৪
মোট	**৫০**	**১০০**



উপরে সারনী থেকে যে চিত্র পাওয়া যাচ্ছে তা থেকে বোঝা যাচ্ছে যে মোট ৫০ জন উত্তরদাতার মধ্যে ১৮-২১ বছরের মধ্যে যাদের সংখ্যা ১৮ যা মোটের ৩৬%, আবার ২২-২৫ বছরের মধ্যে যাদের সংখ্যা ৩২ যা মোটের ৬৪%, অর্থাৎ এর থেকে বোঝা যাচ্ছে যে উত্তর দাতাদের মধ্যে ২২-২৫ বছরের মধ্যে বয়সি উত্তরদাতার সংখ্যা বেশি।

তালিকা ১.২

উত্তরদাতাদের বৈবাহিক অবস্থা

বৈবাহিক অবস্থা	পরিসংখ্যা	শতাংশ
বিবাহিত	১০	২০
অবিবাহিত	৪০	৮০
মোট	৫০	১০০



উপরে সারনী থেকে যে চিত্র পাওয়া যাচ্ছে তা থেকে বোঝা যাচ্ছে যে মোট ৫০ জন উত্তর দাতার মধ্যে বিবাহিত সংখ্যা ১০ যা মোটের ২০ শতাংশ। অবিবাহিত সংখ্যা ৪০ যা মোটের ৮০ শতাংশ। অর্থাৎ এর থেকে বোঝা যাচ্ছে যে উত্তর দাতাদের মধ্যে বিবাহিত অপেক্ষায় অবিবাহিত সংখ্যা বেশি।

তালিকা ১.৩

শিক্ষাগত যোগ্যতা

উত্তরদাতার শিক্ষাগত যোগ্যতা	পরিসংখ্যা	শতাংশ
স্নাতক	২৭	৫৪
স্নাতকোত্তর	১৫	৩০
অন্যান্য	৮	১৬
মোট	৫০	১০০



উপরের সারণী থেকে যে চিত্র পাওয়া যাচ্ছে তা থেকে বোঝা যাচ্ছে যে মোট ৫০জন উত্তরদাতাদের মধ্যে স্নাতক উত্তরদাতা সংখ্যা ২৭ যা মোটের ৫৪ শতাংশ। স্নাতকোত্তরের সংখ্যা ১৫ যা মোটের ৩০ শতাংশ। অন্যান্য সংখ্যা ৮ যা মোটের ১৬ শতাংশ, অর্থাৎ এর থেকে বোঝা যাচ্ছে যে উত্তরদাতাদের মধ্যে স্নাতক এর উত্তরদাতার সংখ্যা বেশি।

তালিকা ১.৪

উত্তরদাতার জাতিকেন্দ্রীক সারণী

জাতি	সংখ্যা	শতাংশ
জেনারেল	৮	১৬
এস.সি.	১৯	৩৮
এস.টি.	১২	২৪
ও.বি.সি.	১১	২২
মোট	৫০	১০০



উপরে সারণী থেকে যে চিত্র পাওয়া যাচ্ছে তা থেকে বোঝা যাচ্ছে যে মোট ৫০জন উত্তরদাতাদের মধ্যে জেনারেল শ্রেণী ভুক্তর সংখ্যা ৮ জন যা মোটের ১৬ শতাংশ। এস.সি. শ্রেণীভুক্তর সংখ্যা ১৯জন যা মোটের ৩৮ শতাংশ। এস.টি. শ্রেণীভুক্তর সংখ্যা ১২জন যা মোটের ১২ শতাংশ এবং ও.বি.সি. শ্রেণিভুক্তর সংখ্যা ১১ যা মোটের ২২ শতাংশ। অর্থাৎ এর থেকে বোঝা যাচ্ছে যে উত্তরদাতাদের মধ্যে এস.টি. শ্রেণিভুক্তের উত্তরদাতার সংখ্যা বেশি।

তালিকা ১.৫

উত্তরদাতার লক্ষ্যকেন্দ্রিক সারণী

লক্ষ্য	সংখ্যা	শতাংশ
চাকরী	৩৬	৭২
অন্যান্য	১৪	২৮
মোট	৫০	১০০



উপরের সারণী থেকে যে চিত্র পাওয়া যাচ্ছে তা থেকে বোঝা যাচ্ছে যে মোট ৫০জন উত্তরদাতার মধ্যে ৩৬জন অর্থাৎ ৭২ শতাংশ উত্তরদাতার লক্ষ্য চাকরি এবং অন্যান্য লক্ষ্য ১৪জন অর্থাৎ ২৮ শতাংশ উত্তরদাতার অর্থাৎ এর থেকে বোঝা যাচ্ছে যে উত্তরদাতাদের মধ্যে উচ্চশিক্ষায় চাকরীর লক্ষ্য অন্যান্য লক্ষ্যের তুলনায় বেশি।

তালিকা ১.৬

মহিলাদের সমান প্রাধান্যকেন্দ্রিক সারণী

মহিলার কি সমান প্রাধান্য আছে	সংখ্যা	শতাংশ
হ্যাঁ	৪৫	৯০
না	৫	১০
মোট	৫০	১০০

উপরিক্ত সারনী থেকে লক্ষ্য করা যাচ্ছে যে, মোট ৫০জন উত্তরদাতার মধ্যে মহিলাদের সমান প্রাধান্য আছে সংখ্যা ৪৫ যা মোটের ৯০ শতাংশ। আর বাকী ৫জন অর্থাৎ মোটের ১০ শতাংশের মতে মহিলাদের ক্ষেত্রে সমান প্রাধান্য নেই।

<u>তালিকা ১.৭</u>

উত্তরদাতার বড় সমস্যাকেন্দ্রিক সারণী

বড় সমস্যা	সংখ্যা	শতাংশ
অর্থনৈতিক	২১	৪২
যাতায়াত	১৭	৩৪
ভাষাগত	৪	৮
অন্যান্য	৬	১২
নেই	২	৪
মোট	৫০	১০০



এই সারনী থেকে বলা যায় যে, ৫০জন উত্তরদাতার মধ্যে ২১জন অর্থাৎ ৪২ শতাংশের বড় সমস্যা হল অর্থনৈতিক সমস্যা এবং আর বাকী সমস্যার ক্ষেত্রে যাতায়াত সমস্যা ১৭জন অর্থাৎ ৩৪ শতাংশের, ভাষাগত সমস্যা ৪জন অর্থাৎ ৮শতাংশের অন্যান্য সমস্যা ৬জন অর্থাৎ ১২ শতাংশের এবং সমস্যা নেই ২জন অর্থাৎ ৪ শতাংশ উত্তরদাতার এর থেকে বোঝা যাচ্ছে যে, অর্থনৈতিক সমস্যার উত্তরদাতার সংখ্যা বেশি।

তালিকা ১.৮

পরিবারের ধরন অনুযায়ী সারনী

পরিবারের ধরন	সংখ্যা	শতাংশ
একক পরিবার	৩০	৬০
যৌথ পরিবার	২০	৪০
মোট	৫০	১০০



উপরিক্ত সারনী থেকে লক্ষ্য করা যায় যে ৫০জন উত্তরদাতার মধ্যে একক পরিবারভুক্ত ৩০জন অর্থাৎ ৬০ শতাংশ এবং যৌথ পরিবারভুক্ত ২০জন অর্থাৎ ৪০ শতাংশ। অতএব, এর থেকে বোঝা যাচ্ছে যে একক পরিবারের উত্তরদাতার সংখ্যা বেশি।

তালিকা ১.৯

পরিবারের মাসিক আয় কেন্দ্রিক সারনী

মাসিক আয় (টাকা)	সংখ্যা	শতাংশ
১০০০-৩০০০	১৫	৩০
৩০০১-৬০০০	১০	২০
৬০০১-৯০০০	১০	২০
৯০০১-১২০০০	৮	১৬
১২০০০ টাকার বেশি	৭	১৪
মোট	৫০	১০০



উপরিউক্ত সারণীতে লক্ষ্য করা যাচ্ছে ৫০জন উত্তরদাতার মধ্যে ১০০০-৩০০০ টাকা মাসিক আয় ১৫জন ৩০০১-৬০০০ টাকা মাসিক আয় ১০জন, ঠিক একই জন ৬০০০- ৯০০০ টাকা মাসিক আয়, ৮জন ৯০০১-১২০০০ টাকা মাসিক আয় করেন এবং বাকী ৭জন ১২০০০ টাকার বেশি আয় করেন।

তালিকা ১.১০

পরিবারের সমর্থন উচ্চশিক্ষায় ক্ষেত্রে

পরিবারের সমর্থন	সংখ্যা	শতাংশ
সম্পূর্ণ	৪৫	৯০
আংশিক	৫	১০
একদমই করে না	০	০
মোট	৫০	১০০



উপরের সারণী থেকে যে চিত্র পাওয়া যাচ্ছে তা থেকে বোঝা যাচ্ছে যে মোট ৫০জন উত্তরদাতার মধ্যে ৪৫জন অর্থাৎ ৯০ শতাংশ উত্তরদাতা উচ্চশিক্ষায় ক্ষেত্রে পরিবারের সমর্থন সম্পূর্ণ রুপে পান, এবং ৫জন অর্থাৎ ১০ শতাংশ উত্তরদাতা পরিবারের আংশিক সমর্থন পান এর থেকে বোঝা যাচ্ছে যে উচ্চশিক্ষায় ক্ষেত্রে পরিবারের সমর্থন সম্পূর্ণ রুপে পায় উত্তরদাতারা।

অধ্যায়ঃ -৬

উপসংহার

উপসংহার

দীর্ঘদিন শিক্ষা প্রতিষ্ঠানে নারীর প্রবেশ ছিল রুদ্ধ। বিগত উনবিংশ শতকের ত্রিশ –এর দশক থেকে শিক্ষা প্রতিষ্ঠানে নারীর শিক্ষাদানের সুযোগ হয়। ভারতে নারীর শিক্ষায়তনের প্রবেশ ঘটতে থাকে উনবিংশ শতকের চল্লিশের দশকে।

এক্ষেত্রে আমি এই গবেষণা কার্যটি করার সময় লক্ষ্য করেছি উচ্চশিক্ষায় পাঠরত নয়াগ্রাম পন্ডিত রঘুনাথ মুর্মু সরকারি মহাবিদ্যালয়ে বেশির ভাগই হিন্দু ধর্মাবলম্বী খুব কম অন্যান্য ধর্মাবলম্বীর ছাত্রী রয়েছে, এখানে পাঠরত বেশির ভাগই এস.টি., এস.সি. জাতিভুক্ত এবং বেশির ভাগই ছাত্রী একক পরিবার থেকে এসেছে, এবং উচ্চশিক্ষা গ্রহণে বেশিরভাগ ছাত্রীর পরিবার সম্পূর্ণ সমর্থন করে।

উচ্চশিক্ষায় পাঠরত ছাত্রীদের বেশিরভাগ পড়াশুনা চলাকালীন বিবাহকে সমর্থন করে না। এই সমীক্ষার মাধ্যমে দেখা যাচ্ছে যে, বেশিরভাগ ছাত্রীদের সহপাঠীদের সঙ্গে সম্পর্ক ভালো এবং সর্বক্ষেত্রে লক্ষ্য করা গেছে যে, বেশির ভাগ ছাত্রীদের উচ্চশিক্ষায় ক্ষেত্রে অর্থনৈতিক অবস্থাই হল মূল সমস্যা। আমি আমার গবেষনার মাধ্যমে লক্ষ্য করেছি ছাত্রীদের বাস্তব অবস্থা, প্রত্যক্ষভাবে নয়াগ্রাম P.R.M. কলেজ ও তার পার্শ্ববর্তী এলাকার ছাত্রীদের সাথে সাক্ষাৎকার গ্রহণের ফলে এক নতুন অভিজ্ঞতার সঞ্চার ঘটেছে। তাদের সামাজিক অবস্থার সাথে সাথে অর্থনৈতিক অবস্থা সম্পর্কে জানতে পেরেছি। প্রতিটি ছাত্রী কীভাবে তাদের জীবিকা অর্জন করছে ও কোন পরিস্থিতির মধ্য থেকে উচ্চশিক্ষা লাভ করতে এসেছে তা জানার পর কিছুটা সহানুভূতির সৃষ্টি হয়েছে, তাই পশ্চিমবঙ্গের উন্নতির কথা মাথায় রেখে ছাত্রীদের সুযোগ সুবিধা দিতে হবে ও উচ্চশিক্ষায় পরিকাঠামো আরো উন্নত করতে হবে।

অধ্যায়ঃ -৭

সাক্ষাৎকার তপশীল

সাক্ষাৎকার তপশীল

উত্তরদাতাদের কাছ থেকে পরিমানগত এবং গুণগত তথ্য সংগ্রহের জন্য ব্যবহৃত প্রশ্নের তালিকা।

বিভাগ (ক) সাধারণ তথ্যঃ –

- ❖ বয়স
- ❖ লিঙ্গ
- ❖ বৈবাহিক অবস্থা
- ❖ শিক্ষাগত যোগ্যতা
- ❖ ধর্ম
- ❖ জাতির বিভাগ
- ❖ মাসিক পারিবারিক আয়।

বিভাগ (খ) উচ্চশিক্ষায় ছাত্রীদের সমস্যা সংক্রান্ত প্রশ্নঃ –

- ❖ উচ্চশিক্ষায় লক্ষ্য
- ❖ পরিবারের সহযোগীতা
- ❖ শ্রেণীকক্ষে স্বাধীনতা
- ❖ ভাষাগত সমস্যা
- ❖ উচ্চশিক্ষায় ক্ষেত্রে সবচেয়ে বড় সমস্যা
- ❖ শ্রেনীকক্ষে ছেলে মেয়ের গুরুত্ব
- ❖ শিক্ষা প্রতিষ্ঠানের দূরত্ব।

প্রশ্নমালা

উচ্চশিক্ষায় পাঠরত পশ্চিমবঙ্গের ছাত্রীদের সমস্যাঃ –

ছাত্রীর নাম ....;

ছাত্রীর পিতার নাম ....;

ঠিকানাঃ – গ্রাম .... পোষ্ট ....;

থানা ....জেলা..;

পিন .... বয়স ....|

১. আপনার বয়স কত?

২. আপনার মাতৃভাষা –

- বাংলা
- হিন্দি
- ইংরেজী
- অন্যান্য

৩. আপনি কোন ধর্মের অন্তর্গত?

- হিন্দু
- মুসলিম
- খ্রীষ্টান
- অন্যান্য

৪. আপনি কোন জাতির অন্তর্গত?

- জেনারেল
- এস.টি.
- এস.সি.
- ও.বি.সি.

৫. আপনার পরিবারের মাসিক আয় কত?

- ১০০০-৩০০০
- ৩০০১ – ৬০০০
- ৬০০১ – ৯০০০
- ৯০০১ – ১২০০০
- ১২০০০ হাজার টাকার বেশি

৬. আপনার শিক্ষাগত যোগ্যতা –

- স্নাতক
- স্নাতকোত্তর
- অন্যান্য

৭. আপনার পরিবারের ধরন কীরূপ?

- একক পরিবার
- যৌথ পরিবার

৮. আপনার পিতা কোন পেশার সাথে যুক্ত?

- চাকুরী
- গৃহকর্মী
- অন্যান্য

৯. উচ্চশিক্ষায় ক্ষেত্রে আপনার লক্ষ্য কী?

- চাকরী
- অন্যান্য

১০. আপনার পরিবারে উচ্চশিক্ষা ক্ষেত্রে আপনাকে কতটা সহযোগীতা করে?

- সম্পূর্ন
- আংশিক
- একদমই করে না

১১. আপনার পরিবারের উচ্চশিক্ষা চলাকালীন সমস্ত ব্যয়ভার বহন করতে পারে?

- হ্যাঁ
- না

১২. যদি না করে থাকেন তাহলে আপনি কোন উপায়ে পড়াশুনা চালান?

উত্তরঃ –

১৩. উচ্চশিক্ষা চলাকালীন আপনি কি কোন বৃত্তি পেয়েছেন (রাজ্য/ কেন্দ্র)?

- হ্যাঁ
- না

১৪. উচ্চশিক্ষা চলাকালীন কোন র্যাগিং বা অন্য কোন সমস্যার সম্মুখীন হয়েছেন?

- হ্যাঁ
- না

১৫. উচ্চশিক্ষা চলাকালীন আপনি কি বিবাহকে সমর্থন করেন?

- হ্যাঁ
- না

১৬. আপনি কি বিবাহিত?

- হ্যাঁ
- না

১৭. বাড়ি থেকে শিক্ষা প্রতিষ্ঠানের দূরত্ব-

- বেশি
- কম

১৮. আপনি কি রেগুলার কোর্সের মাধ্যমে শিক্ষাগ্রহণ করা সমর্থন করেন?

- হ্যাঁ
- না

১৯. যদি না হয় তবে কেন? ....

২০. শিক্ষাগ্রহণের ক্ষেত্রে শ্রেণীকক্ষে আপনার মধ্যে স্বাধীনতা কতটা?

- বেশি
- কম

২১. শ্রেণীকক্ষের মধ্যে শিক্ষক মহাশয় ছেলে ও মেয়ে উভয় কে সমান গুরুত্ব দেন?

- হ্যাঁ
- না

২২. আপনি কি মনে করেন উচ্চশিক্ষায় ক্ষেত্রে মহিলাদেরকে সমান প্রাধান্য দেওয়া হচ্ছে?

- হ্যাঁ
- না

২৩. উচ্চশিক্ষায় ক্ষেত্রে আপনি কি ভাষাগত সমস্যার সম্মুখীন হন?

- হ্যাঁ
- না

২৪. উচ্চশিক্ষায় ক্ষেত্রে আপনার সবচেয়ে বড় সমস্যা কী?

- অর্থনৈতিক
- যাতায়াত
- ভাষাগত
- অন্যান্য
- নেই

অধ্যায়ঃ – ৮

গ্রন্থপঞ্জী

গ্রন্থপঞ্জী

১. Ahuja, Ram (2013), "Research Methods", RAWAT PUBLICATION, Jaipur- 302004, Rajasthan.

২. ইন্দু, কমল (২০১১); "সামাজিক গবেষণা পদ্ধতি"। বানী প্রকাশন, কলকাতা- ৭০০০০৯।

৩. Causes of Women's Education Problem in India.in.

৪. গাঙ্গুলী , রামানুজ, মইনুদ্দিন, সৈয়দ আব্দুল হাফিজ (২০০৮); "সমকালীন ভারতীয় সমাজ", PHI Learning Private Limited, New Delhi- 110001.

৫. Wikipedia.com (Indian Causes & India's Literacy rate).

সমাপ্ত

বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ের স্নাতক সাম্মানিক পরীক্ষার

আংশিক শর্ত পূরণের উদ্দেশ্যে উপস্থাপিত গবেষণা পত্র

ভারতে জনসংখ্যা বিস্ফোরনে উচ্চশিক্ষিতদের মতামত

উপস্থাপক

অসীমা বেরা

রোল - ১১১৬১৩১ / নং. - ২০০১৭৫

রেজি নং. - ১৩১০০২১ (২০২০-২০২১)

সেমিস্টার - VI / পত্র – DSE-4T

examined 11/8/23

যুগ্ম তত্ত্বাবধায়ক

ডঃ অর্ঘ্য শুকুল

সমাজতত্ত্ব বিভাগ প্রধান

শ্রীমতি সোহিনী কুন্ডু

সহকারী অধ্যাপিকা

সমাজতত্ত্ব বিভাগ

নয়াগ্রাম পণ্ডিত রঘুনাথ মুর্মু সরকারী মহাবিদ্যালয়

বালিগেড়িয়া,ঝাড়গ্রাম,পশ্চিমবঙ্গ

২০২৩

শংসাপত্র

এটি প্রত্যায়িত করা হচ্ছে যে"ভারতে জনসংখ্যা বিস্ফোরণে উচ্চশিক্ষিতদের মতামত" এই ক্ষেত্র গবেষণাপত্রটি অসীমা বেরা তার সমাজতত্ত্ব অনার্স ষষ্ঠ সেমিস্টারের অংশ হিসেবে প্রস্তুত করেছি। আমি এই ক্ষেত্র গবেষণাটি প্রত্যায়িত করছি।

Dr. Netai Chandra Das

Principal / Officer- In – Charge

N.P.R.M GOVT. COLLEGE

PRINCIPAL / OFFICER-IN-CHARGE
NAYAGRAM P.R.M. GOVT. COLLEGE
BALIGERIA, NAYAGRAM, JHARGRAM
WEST BENGAL, 721125

Date : 11.08.2023

Place: Baligeria

শংসাপত্র

এটি প্রত্যায়িত করা হচ্ছে যে "ভারতে জনসংখ্যা বিস্ফোরণে উচ্চশিক্ষিতদের মতামত" এই ক্ষেত্র গবেষণাপত্রটি অসীমা বেরা তার সমাজতত্ত্ব অনার্স ষষ্ঠ সেমিস্টারের অংশ হিসেবে প্রস্তুত করেছি। আমি এই ক্ষেত্র গবেষণাটি প্রত্যায়িত করছি।

Arghya Sukul

Dr. Arghya Sukul

H.O.D

Department Of Sociology

N.P.R.M GOVT. COLLEGE

Date : 11.8.2023

Place: Baligeria

শংসাপত্র

এটি প্রত্যায়িত করা হচ্ছে যে "ভারতে জনসংখ্যা বিস্ফোরণে উচ্চশিক্ষিতদের মতামত" এই ক্ষেত্র গবেষণাপত্রটি অসীমা বেরা তার সমাজতত্ত্ব অনার্স ষষ্ঠ সেমিস্টারের অংশ হিসেবে প্রস্তুত করেছি। আমি এই ক্ষেত্র গবেষণাটি প্রত্যায়িত করছি।

S. Kundu

Dr. Sohini Kundu
Assistant Teacher's
Department of Sociology
N.P.R.M. GOVT. COLLEGE

Date: 11.8.2023
Place: Baligeria

কৃতজ্ঞতা স্বীকার

নয়াগ্রাম পন্ডিত রঘুনাথ মুরমু গভমেন্ট মহাবিদ্যালয় ষষ্ঠ সেমিস্টার এর পাঠ্যক্রম সমাজতত্ত্ববিভাগের স্নাতক ডিগ্রী লাভ এর উদ্দেশ্যে এই গবেষণা পত্রটি উপস্থাপিত করেছি "ভারতে জনসংখ্যা বিস্ফোরণে উচ্চশিক্ষিতদের মতামত" প্রকল্পটি রূপায়ণ সম্পর্কে আমার প্রাথমিক ধারণা কম থাকলেও আমার "সমাজতত্ত্ব"বিভাগের বিভাগীয় প্রধান অধ্যাপক শ্রদ্ধেয় ডর সকুল মহাশয় এবং শ্রদ্ধেয়া অধ্যাপিকা সোহিনী কুন্ডু মহাশয়ার নির্দেশিকা এবং পরামর্শ আমার প্রকল্পের কাজটি রচনা করার ক্ষেত্রে আমি বিশেষভাবে অনুপ্রেরণা পেয়েছি।

এই গবেষণা মূলক প্রকল্পটি রচনার ক্ষেত্রে আমি প্রতিমুহূর্তে যাদের কাছ থেকে আন্তরিক উৎসাহ উৎস সহযোগিতা ও নির্দেশনা লাভ করেছি তাদেরকে জানাই আমার শ্রদ্ধা ও কৃতজ্ঞতা সর্বপ্রথম কৃতজ্ঞতা জানাই আমার যুগ্ম তত্ত্বাবধায়ক ডক্টর শিক্ষক ডক্টর অর্ঘ্য শুকুল মহাশয় ও অধ্যাপিকা শ্রীমতি সোহিনী কুন্ডু মহাশয় কে এবং কৃতজ্ঞতা জানাই কলেজের প্রিন্সিপাল / অফিসার ইনচার্জ ডঃ নিতাই চন্দ্র দাস মহাশয় কে কারণ ওনাদের সাহায্য ও তত্ত্বাবধান ছাড়া এই গবেষণা পত্রটি সমাপ্ত করা সম্ভব হতো না।

এছাড়া সাহায্য করেছেন আমার পরিবারের মা ও বাবা এবং আমার কলেজের বন্ধুরা তারা আমাকে বিভিন্ন সরবরাহ করেছে যার ফলে প্রকল্পটিকে আরো সুন্দরভাবে পরিবেশন করতে পেরেছি।

Asima Bera

ইতি

অসীমা বেরা

বি.এ ,সাম্মানিক ষষ্ঠ সেমিস্টার সমাজতত্ত্ব বিভাগ

নয়াগ্রাম P.R.M গভমেন্ট মহাবিদ্যালয়

রেজি -১৩১০০২১(২০২০-২১)

তারিখ: ২২.০৮. 2023

স্থান:

সূচীপত্র

বিষয়	পৃষ্ঠা নং
• ভূমিকা	১-২
• দ্রুত জনসংখ্যা বৃদ্ধির কারণ	৩-৬
• দ্রুত জনসংখ্যা বৃদ্ধির প্রভাব	৭-১১
• দ্রুত জনসংখ্যা বৃদ্ধির প্রতিরোধমূলক ব্যবস্থা	১২-১৫
• গবেষণা উদ্দেশ্য	১৬-১৭
• গবেষণা পদ্ধতি ও পদ্ধতিবিদ্যা	১৮=২৬
• তথ্য বিশ্লেষণ	২৭-৩৫
• উপসংহার	৩৬
• সাক্ষাৎকার তপশিলি	৩৬-৩৮
• তথ্যসূত্র	৪০

ভারতে জনসংখ্যা বিস্ফোরণে উচ্চশিক্ষিতদের মতামত

অধ্যায় :১

ভূমিকা

জনসংখ্যা বিস্ফোরণ

ভূমিকা

'জনসংখ্যা' বা 'population'কথাটি লাতিন popular কথাটি থেকে উদ্‌ভূত এর অর্থ জনগণ। যে কোন দেশের জনসংখ্যা এক মূল্যবান সম্পদ তবে অতি অল্প সময়ে নানা কারণে এর মাত্রাতিরিক্ত বা অপরিমিত বৃদ্ধি পৃথিবীর ধারণ ক্ষমতার উপর অসম্ভব প্রভাব সৃষ্টি করে। বিরূপ প্রভাব সৃষ্টি করে স্বাস্থ্য, শিক্ষা, খাদ্য সংস্থান, কর্মসংস্থান ও সমাজ পরিবেশের উপর জনসংখ্যার এই মাত্রাতিরিক্ত বৃদ্ধিকে বলে জনসংখ্যা বিস্ফোরণ।

জনবিস্ফোরণ ভারতবর্ষের সবচেয়ে কঠিন ও জটিল সমস্যা 'জনসংখ্যা' বা populationকথাটি লাতিন popular শব্দ কথাটি থেকে উদ্‌ভূত ,এর অর্থ জনগণ।

যেকোনো দেশের জনসংখ্যা এক মূল্যবান সম্পদ কিন্তু এর মাত্রাতিরিক্ত বৃদ্ধি ভয়ংকর সমস্যা বর্তমান পৃথিবীতে যে হারে জনসংখ্যা বেড়ে চলেছে তা পৃথিবীর ধারণক্ষমতার উপর এক বিরূপ প্রভাব সৃষ্টি করেছে ৫০০ কোটিতে পৌঁছে ১৯৮৭ খ্রিস্টাব্দের ১১ই অক্টোবর চালু হয়েছিল জনসংখ্যার ঘড়ি তখন বিষয়টি ছিল রীতিমতো উদ্বেগের সেই গোরি ৬০০ কোটি ছোঁয়১৯৯৯ খ্রিস্টাব্দে।

সম্প্রতি জনসংখ্যার বৃদ্ধি ভারতে এক ভয়াবহ সমস্যার আকার নিয়েছে।রাম আহুজার মতে এর ফলে নিম্নরূপ বিষয়গুলি প্রকট হয়ে উঠেছে_

১. বর্তমান বিশ্বে প্রতি ছয়জনের মধ্যে একজন ভারতবাসী।জনসংখ্যা বৃদ্ধির হার নিয়ন্ত্রণ করতে পারে না পারলে তা প্রতি পাঁচজনের মধ্যে একজন ভারতীয় হয়ে দাঁড়াবে।

২. প্রতি 15 দিন অন্তর দশ লক্ষ ভারতীয় জনসংখ্যার বৃদ্ধি ঘটেছে।

৩. জনসংখ্যা বৃদ্ধির মোট ৪৯ শতাংশের হার মূলত বিহার, মধ্যপ্রদেশ,রাজস্থান এবং উত্তরপ্রদেশে সীমাবদ্ধ।

৪. প্রতিবছর যত দম্পতি বংশবৃদ্ধি বয়সসীমা পেরিয়ে যায়, তার তিনগুণ দম্পতি এই বয়সসীমার প্রবেশ করে। আগের দম্পতিদের থেকে নব দম্পতিদের উর্বরতার হার তিনগুণ বেশি।

৫. জনসংখ্যা বৃদ্ধির হার এইভাবে চলতে থাকলে জনজীবন বিপন্ন হয়ে পড়বে, সারা দেশে চিকিৎসা ও স্বাস্থ্যপরিসেবা অতি দুর্বল হয়ে পড়বে,শিক্ষা আবাসন ইত্যাদি অত্যন্ত ব্যয়বহুল হবে। প্রযুক্তি ও কারিগড় বিদ্যার শুধুমাত্র ধ্বনির শ্রেণীর কুক্ষিগত হয়ে পড়বে।

মোটকথা,খাদ্যের যে প্রবল চাপ আসবে তার ফলে জাতীয় জনসংখ্যার অর্ধেকেই দারিদ্র সীমার নিচে চলে যাবে।

অধ্যায়:২

দ্রুত জনসংখ্যা বৃদ্ধির কারণ

দ্রুত জনসংখ্যা বৃদ্ধির কারণসমূহ

ধারণ ক্ষমতার অতিরিক্ত জনসংখ্যার বৃদ্ধিকে জনবিস্ফোরণ বলা হয়। বর্তমানে সমগ্র পৃথিবীতে যে অভাবনীয় হারে জনসংখ্যা বৃদ্ধি পাচ্ছে, তা পৃথিবীর ধারণক্ষমতার উপর এক অত্যন্ত বিরূপ প্রতিক্রিয়া সৃষ্টি করেছে।মাত্রা অতিরিক্ত জনবৃদ্ধি সারা বিশ্বে আজকাল নামে সমস্যা তৈরি করেছে। বর্তমানে ভারতে যে হারে জনসংখ্যা বৃদ্ধি পাচ্ছে তাতে অনুমান করা চলে 2050 খ্রিস্টাব্দের মধ্যেই ভারতে ১৬০ কোটির বিশাল জনসংখ্যার দেশে পরিণত হবে। পরিসংখ্যান অনুযায়ী ভারতে আদর্শ বা কাম্য জনসংখ্যা হওয়া উচিত ছিল ৪০ কোটি অথচ ২০৪১ খ্রিস্টাব্দে ভারতের জনসংখ্যা গিয়ে দাঁড়িয়েছে প্রায় ১০০ কোটিতে অর্থাৎ ভারতের জনসংখ্যা ধারণ ক্ষমতার চেয়ে এখনই প্রায় ৮১ কোটি বেশি। এইমাত্র অতিরিক্ত জনসংখ্যা কে জনবিস্ফোরণ আখ্যা দেওয়া ছাড়া আর কি ই বা বলা যায়।

পরিসংখ্যান থেকে জানা যায় যে প্রতি বছর ভারতে জনসংখ্যার বৃদ্ধি অস্ট্রেলিয়া সমগ্র জনসংখ্যার সমান সমান তবে এই অস্বাভাবিক বৃদ্ধির পেছনে কিছু কারণ অবশ্যই রয়েছে যেগুলি নিচে ব্যাখ্যা করা হলো _

১. উচ্চ জন্মহার:

